# ব্যালট নয়, বুলেটের রাজত্ব কায়েমের চেষ্টা করছে বিএনপি: জামায়াত আমির



সংগৃহীত ছবি

পাবনার ইশ্বরদীতে ঘটে যাওয়া উত্তপ্ত পরিস্থিতি হঠাৎ সৃষ্টি হয়নি—এ দাবি তুলেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তাঁর মতে, ঘটনাটি বিএনপি প্রার্থীর উসকানি, অসহিষ্ণু আচরণ ও অগণতান্ত্রিক কর্মকাণ্ডেরই ধারাবাহিক ফল।

বৃহস্পতিবার (২৭ নভেম্বর) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি লেখেন, “ইশ্বরদীতে আজ যা ঘটেছে, তা আকস্মিক নয়। বারবারের কর্মকাণ্ড প্রমাণ করছে—এটি ব্যালটের লড়াই নয়; বিএনপি প্রার্থী বুলেটের আতঙ্ক তৈরি করে সন্ত্রাসের কর্তৃত্ব কায়েম করতে চাইছেন।”

তিনি বলেন, যারা গণতন্ত্রের কথা বলেন, তাদের আচরণই এখন গণতন্ত্রের সবচেয়ে বড় প্রশ্নবিদ্ধ উদাহরণ।

ডা. শফিকুর রহমান প্রশাসনের প্রতিশ্রুত সুষ্ঠু নির্বাচনের বিষয়টিও স্মরণ করিয়ে দিয়ে বলেন, “জনগণ এখন দেখতে চায়—প্রশাসন কথার বাইরে বাস্তবে কী ব্যবস্থা নেয়।”

সন্ত্রাসীদের উদ্দেশে তিনি কঠোর বার্তা দেন:

“জামায়াত কোনো সন্ত্রাসী শক্তির কাছে মাথা নত করবে না। জনগণের ভোটাধিকার রক্ষার সংগ্রাম আরও তীব্র হবে। সন্ত্রাস ও দুর্নীতির বিরুদ্ধে লড়াই অব্যাহত থাকবে। ইনশাআল্লাহ, আমরা থামব না।”

LENS ASIA